অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/23/2023 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে গভর্নর হোকল কৃষকদের থেকে স্থানীয় খাদ্য সংগ্রহ বৃদ্ধি করার নির্বাহী আদেশে স্বাক্ষর করলেন

স্টেটের এজেন্সিসমূহ 2028 সালের মধ্যে নিউ ইয়র্ক কৃষক ও উৎপাদনকারীদের থেকে সংগ্রহ করা খাদ্য 30 শতাংশে বৃদ্ধি করবে

এছাড়াও কৃষিকাজে কারিগরি সমস্যা সমাধান এবং কৃষি প্রচারণা এবং ক্ষুদ্রতর ও নতুন মেলার সমর্থনেও গভর্নর হোকল বিল স্বাক্ষর করেছেন

বিধিমালা (A.1528-A/S.1723-A) নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের অংশ হিসেবে উদ্ভাবনী কৃষি প্রযুক্তি বিকাশের জন্য শিক্ষার্থীদের একত্রিত করবে

বিধিমালা (A.2935/S.5526) স্টেটব্যাপী ক্ষুদ্রতর এবং অপেক্ষাকৃত নতুন মেলা সমর্থন করবে এবং কৃষি ও অভ্যন্তরীণ শিল্পে তরুণদের সম্পৃক্ততার প্রচার করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে (Great New York State Fair) একটি নির্বাহী আদেশে (Executive Order) স্বাক্ষর করলেন যা স্টেটের এজেন্সিগুলিকে তাদের মোট ক্রয় কৃত খাদ্যের মধ্যে নিউ ইয়র্কের কৃষক এবং উৎপাদনকারীদের থেকে সংগ্রহ করা খাদ্যের অংশকে পাঁচ বছরের মধ্যে 30 শতাংশে বৃদ্ধি করার নির্দেশনা প্রদান করে। এছাড়াও গভর্নর উদ্ভাবনী কৃষি প্রযুক্তি বিকাশের জন্য নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে শিক্ষার্থীদের একত্রিত করার বিধিমালায় স্বাক্ষর করেন এবং একই সাথে স্টেটব্যাপী ক্ষুদ্রতর ও অপেক্ষাকৃত নতুন মেলার সমর্থনে এবং কৃষি ও অভ্যন্তরীণ শিল্পে তরুণদের সম্পৃক্ততার প্রচারে বিধিমালায় স্বাক্ষর করেন।

"কৃষি হলো আমাদের স্টেটের মেরুদণ্ড, এবং তা প্রদর্শন করার একটি নিখুঁত উপায় হলো আমাদের স্টেটের মেলা, সেজন্য আমরা আমাদের কৃষক ও আমাদের মেলা উভয়কে সমর্থন করতে মুখ্য পদক্ষেপ গ্রহণ করছি," **গভর্নর হোকল বলেন।** "স্থানীয় চাষী ও উৎপাদনকারীদের থেকে ক্রয় করার আবশ্যিক পরিমাণ বৃদ্ধি করার মাধ্যমে আমরা কৃষি উৎপাদন এবং নিউ ইয়র্কের প্রক্রিয়াজাত খাদ্যে আরো বিনিয়োগ করছি। আমাদের পরবর্তী প্রজন্মের কৃষকদের এবং আগামী অনেক দশকের জন্য আমাদের কৃষিখাতের ভবিষ্যতকে সমর্থন করতে আমরা সাহসী পদক্ষেপ গ্রহণ করা অব্যাহত রাখবো।"

নিউ ইয়র্ক স্টেট এজেন্সিগুলি বর্তমানে নিউ ইয়র্ক খাদ্যে প্রায় 4 মিলিয়ন মার্কিন ডলার ব্যয় করার প্রতিবেদন প্রদান করছে; নতুন এই প্রয়াসের উদ্দেশ্য হবে নিউ ইয়র্কের কৃষকদের থেকে প্রায় 400 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের খাদ্য ক্রয় করা। নির্বাহী আদেশটি সাধারণ সেবা অফিসকে (Office of General Services, OGS) নির্দেশ দেয় যাতে তারা তাদের কেন্দ্রীয় খাদ্য চুক্তিতে নিউ ইয়র্কের উৎপাদনকারীদের থেকে খাদ্য সংগ্রহ করার উপর জোর দেয়। এটি এজেন্সিগুলির জন্য, চুক্তিভুক্ত সেবা প্রদানকারীদের মাধ্যমে ক্রয় করা খাদ্যসহ খাদ্য ক্রয় OGS এর কাছে প্রতিবেদন করা আবশ্যিক করে, যাতে নিশ্চিত করা যায় যে 30 শতাংশের লক্ষ্য পূরণ করা হয়েছে। 30 শতাংশের এই লক্ষ্য ক্রমবর্ধমানভাবে বৃদ্ধি করা যাবে, যেখানে এজেন্সিগুলি এই বছর শেষ হওয়ার পূর্বে তাদের খাদ্য পণ্যের 5 শতাংশ; 2024 সাল শেষ হওয়ার আগে 15 শতাংশ; 2025 সাল শেষ হওয়ার আগে 20 শতাংশ; 2026 সাল শেষ হওয়ার আগে 25 শতাংশ; এবং 2027 সাল শেষ হওয়ার আগে 30 শতাংশ নিউ ইয়র্ক থেকে ক্রয় করবে।

এছাড়াও নির্বাহী আদেশটি কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets) এবং OGS কে একটি কর্মগোষ্ঠীর সংগঠন ও সমবেত করার নির্দেশ দেয়, যেখানে সংশোধন ও সম্প্রদায় তত্ত্বাবধান বিভাগ (Department of Corrections and Community Supervision), আসক্তি সেবা ও সমর্থন অফিস (Office of Addiction Services and Supports), মানসিক স্বাস্থ্য অফিস (Office of Mental Health), বিকাশগত অক্ষমতাসহ মানুষের জন্য অফিস (Office for People with Developmental Disabilities), স্বাস্থ্য বিভাগ (Department of Health), বয়স্কদের অফিস (Office of the Aging), এবং খাদ্য ক্রয় করে এমন অন্যান্য স্টেট এজেন্সির প্রতিনিধি থাকবে। নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্যের বর্ধিত ক্রয়ের সুযোগ সনাক্ত করা, স্টেট এজেন্সিগুলিকে তাদের ক্রয় করা নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্যের পরিমাণ বৃদ্ধি করতে সহায়তা করার জন্য নির্দেশনা সুপারিশ করা, এবং নির্বাহী আদেশ কর্তৃক প্রতিষ্ঠিত লক্ষ্য অর্জনের ব্যাপারে ডেটা সংগ্রহ ও প্রতিবেদনের আবশ্যিকতা সুপারিশ করার জন্য এই কর্মগোষ্ঠীটি কাজ করবে।

এছাড়াও নির্বাহী আদেশটি কাউন্টি ও মিউনিসিপাল সরকারসমূহকে, এবং সেই সাথে বর্তমানে স্টেটের 30 শতাংশের উদ্যোগে অংশগ্রহণ করছে না এমন স্কুলজেলাগুলিকে এই লক্ষ্য অর্জনে যোগদান করার জন্য উৎসাহিত করে।

পাশাপাশি, গভর্নর হোকল বিধিমালা (A.1528-A/S.1723-A), যা আগামী বছর শুরু হতে যাচ্ছে, তা কৃষি ও খাদ্য উৎপাদনের সমস্যাসমূহের উদ্ভাবনী সমাধান বিকাশ করার জন্য কৃষি, বিজ্ঞান, এবং প্রযুক্তিতে আগ্রহী তরুণদের নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে নিয়ে আসবে। কৃষিকাজে প্রযুক্তিগত উন্নয়ন ইতিমধ্যে কৃষি শিল্পকে ব্যাপকভাবে বদলে দিয়েছে এবং সম্ভবত আরো বদল করতে থাকবে, এবং এটি তরুণ উদ্ভাবক এবং আবিষ্কারকদের কৃষিখাতের সমস্যা সম্পর্কে আগ্রহী ও কৌতূহলী করবে।

স্টেটের সিনেটর জেমস স্কোফিস বলেন, "নতুন এই তারুণ্যের চ্যালেঞ্জটির উদ্দেশ্য হলো আমাদের ভবিষ্যৎ কৃষকদেরকে কৃষি শিল্পের উদীয়মান চ্যালেঞ্জ মোকাবিলা করার জন্য হাতিয়ার প্রদান করা। বর্তমানে কৃষক ও খাদ্য উৎপাদনকারীদের যেই মূল সমস্যাসমূহের সম্মুখীন হতে হচ্ছে, যেমন উৎপাদনের অতি উচ্চ ব্যয় এবং বর্ধিত শক্তি দক্ষতার প্রয়োজনীয়তা, তা অগ্রাহ্য করা যায় না। শিক্ষার্থীদের কম বয়সে সম্পৃক্ত করবে এবং একটি নিরাপদ, আরো

স্বাস্থ্যকর আগামীর জন্য উদ্ভাবন ক্ষমতায়িত টেকসই হওয়ার বীজ বপন করবে এমন বিল স্বাক্ষর করার জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য ক্যারি ওয়র্নার বলেন, "এই বছরের নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে গভর্নর হোকলের দুইটি বিলে স্বাক্ষর করা কৃষিতে তরুণ সম্পৃক্ততাকে অগ্রাধিকার দান করে নিউ ইয়র্কের প্রতিশ্রুতি ও নেতৃত্বের ভূমিকাকে তুলে ধরেছে।ভবিষ্যতের সমস্যা মোকাবেলা করা এবং একই সাথে স্টেটের দৃঢ় কৃষি ঐতিহ্য বজায় রাখার জন্য নিউ ইয়র্ককে অবশ্যই নতুন কৃষক ও কৃষি কৌশলের পাইপলাইন বিকশিত করতে হবে।"

এছাড়াও গভর্নর হোকল বিধিমালা (A.2935/S.5526) স্বাক্ষর করেন যা ক্ষুদ্রতর এবং অপেক্ষাকৃত নতুন মেলা সমর্থন করবে এবং ব্যয়পূরণের সীমা কমিয়ে দেওয়ার মাধ্যমে কৃষি ও অভ্যন্তরীণ শিল্পে তরুণদের সম্পৃক্ততার প্রচার করবে। কাউন্টি মেলায় তহবিল প্রদান করলে তা চিত্র ও কারুশিল্প, গবাদিপশু, এবং শোম্যানশিপ সংক্রান্ত প্রতিযোগিতায় তরুণদের সম্পৃক্ততা উৎসাহিত করার মাধ্যমে তরুণদের মধ্যে কৃষি ও অভ্যন্তরীণ শিল্পের প্রচারে সাহায্য করে। বর্তমানে, স্টেটের ব্যয়পূরণের জন্য যোগ্য হওয়ার জন্য মেলাগুলিকে অবশ্যই তরুণদের কমপক্ষে 5,000 মার্কিন ডলার প্রিমিয়াম প্রদান করতে হবে। এই কারণে, স্টেটের ক্ষুদ্রতর মেলাগুলি 5,000 মার্কিন ডলার প্রিমিয়ামের সীমাতে পৌঁছাতে পারে না এবং বর্তমানে স্টেটের ব্যয়পূরণের জন্য যোগ্য হয় না। আকার নির্বিশেষে স্টেটে কৃষি ও অভ্যন্তরীণ শিল্পের প্রচার করা সকল সত্তাকে সমর্থন করার জন্য, স্টেট এখন এই বিধিমালার মাধ্যমে কাউন্টি মেলা, যারা নিউ ইয়র্ক স্টেটে তরুণদের জন্য এইসব গুরুত্বপূর্ণ প্রতিযোগিতা এবং করবে তাদের জন্য 2,500 মার্কিন ডলারের ব্যয়পূরণের সীমা প্রদান করবে।

স্টেটের সিনেটর মিশেল হিঞ্চি বলেন, "নিউ ইয়র্ক স্টেটব্যাপী ক্ষুদ্র কাউন্টি মেলা অমূল্য নেতৃত্বের সুযোগ প্রদান করে যা তরুণদের স্বাধীনতা এবং জীবনের দক্ষতা বিকাশে এবং নিজেদের ক্ষমতায় আত্মবিশ্বাস অর্জন করতে সাহায্য করে। এই বিধিমালার মাধ্যমে আমরা ক্ষুদ্র কাউন্টি মেলাগুলিকে একটি অতি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক হাতিয়ার প্রদান করছি যা তাদেরকে তরুণের মেলায় সম্পৃক্ততা ধরে রাখতে এবং আমাদের আগামী প্রজন্মের নেতাদের সমর্থন করতে সাহায্য করবে। আমাদের বিলকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি, এবং স্টেটব্যাপী বহু স্থানীয় মেলাকে এই বর্ধিত যোগ্যতা দ্বারা উপকৃত হতে দেখতে আমি উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার রিচার্ড বল বলেন, "আমাদের ফার্ম-টু-স্কুল (Farm-to-School), 30 শতাংশ নিউ ইয়র্ক স্টেট উদ্যোগ (30 percent New York State initiative), এবং নারিশ নিউ ইয়র্কের (Nourish New York) মতো উদ্যোগসমূহের সাফল্যের পর, গভর্নর 2028 সালের মধ্যে নিউ ইয়র্ক স্টেট খাদ্যের প্রাতিষ্ঠানিক ও এজেন্সি ক্রয় 30 শতাংশে বৃদ্ধি করার দারুণ একটি লক্ষ্য নির্ধারণ করেছেন।নতুন এই উদ্যোগটি নিউ ইয়র্ক কৃষির জন্য বিশাল পরিবর্তন নিয়ে আসবে, আমাদের কৃষকদের জন্য একটি অর্থনৈতিক অগ্রগতি পরদিন করতে সাহায্য করবে এবং কৃষক থেকে ভোক্তা পর্যন্ত স্থানীয় খাদ্য সরবরাহ চেইনকে সুরক্ষিত রাখবে।"

নিউ ইয়র্ক স্টেট সাধারণ সেবা অফিসের কমিশনার জিনেট ময় বলেন, "নিউ ইয়র্কের কৃষকদের সমর্থন করতে এবং আমাদের কৃষি অর্থনীতিকে জোরদার করতে স্টেটের

উল্লেখযোগ্য ক্রয় ক্ষমতা ব্যবহার করতে গভর্নর হোকলের প্রয়াসে একটি অত্যাবশ্যকীয় ভূমিকা পালন করতে পেরে OGS দল গর্বিত। স্টেটের চুক্তির মাধ্যমে প্রদত্ত স্থানীয় উৎপাদিত খাদ্যের উপলভ্যতা ও ব্যবহার বৃদ্ধির জন্য আমরা বিক্রেতা ও স্টেট এজেন্সির অংশীদারদের সাথে কাজ করবো।"

নিউ ইয়র্ক ফার্ম ব্যুরোর (New York Farm Bureau) প্রেসিডেন্ট ডেভিড ফিশার বলেন, "স্থানীয় খাদ্য ক্রয়কে স্টেটের জন্য একটি অগ্রাধিকার করা নির্বাহী আদেশ, এবং সেই সাথে আমাদের তরুণদের উপর বিনিয়োগ করা বিলে স্বাক্ষর করার জন্য নিউ ইয়র্ক ফার্ম ব্যুরো গভর্নর হোকলের প্রশংসা করছে। নিউ ইয়র্ক স্টেট সরকার হলো স্টেট এজেন্সি, ইউনিভার্সিটি, এবং কারাগার ব্যবস্থা ইত্যাদির মাধ্যমে নিউ ইয়র্ক পণ্য করি করার একটি মুখ্য বাজার। বাজারের ধারণক্ষমতা বৃদ্ধি পুরো নিউ ইয়র্কের পারিবারিক ব্যবসাসমূহকে সমর্থন করবে এবং নিউ ইয়র্কবাসীর হাতে আরো স্টেজ, পুষ্টিকর পণ্য পৌঁছে দিবে। এটি সকলের জন্য বিজয়। এছাড়াও আমরা কাউন্টি মেলা এবং তারুণ্য বিকাশের কৃষি প্রযুক্তি চ্যালেঞ্জের (Youth Development Agriculture Technology Challenge) মাধ্যমে তরুণদের জন্য আরো সুযোগ তৈরি করার উদ্যোগসমূহকে সমর্থন করছি। আধুনিক কৃষির একটি বড় অংশ হলো প্রযুক্তি। খামারগুলি যা করে তা উন্নতভাবে করতে তাদের সাহায্য করার চাবিকাঠি হলো বিজ্ঞান ও গবেষণা, যার মধ্যে জলবায়ু পরিবর্তনের মতো বড় চ্যালেঞ্জ মোকাবেলা রয়েছে।নর্থ কান্ট্রি বা নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থী যাই হোক না কেন, আমরা যদি সকল স্থানের তরুণদের উপর বিনিয়োগ করি তাহলে আমরা আমাদের খামারগুলিতে আগামী প্রজন্মের সমস্যা সমাধানকারীদের জন্য আরো ভালো একটি পথ তৈরি করতে পারবো।"

NYS হর্টিকালচার সোসাইটির (NYS Horticultural Society) অন্তর্বর্তীকালীন নির্বাহী পরিচালক জিম বিটনার বলেন, "40 বছরের বেশি সময় কৃষি উৎপাদনে জড়িত থাকার কারণে আমি স্থানীয় পণ্যের গুরুত্ব বুঝতে পারি। একজন দুগ্ধজাত পণ্যের কৃষক হিসেবে আমি সেরা মানের পণ্য সরবরাহ করেছি; এখন আমার একটি ফলের খামার রয়েছে তাই আমাদের আপেল, চেরি, পিচ, এবং অন্যান্য ফল যাতে আমাদের স্থানীয় সম্প্রদায়ের পাশাপাশি সকল নিউ ইয়র্কবাসীর আহার হতে পারে তা নিশ্চিত করতে আমি কাজ করছি।গভর্নরের নির্বাহী আদেশের মিশন পূরণ করার জন্য স্থানীয় মিউনিসিপ্যালিটিসমূহ এবং স্টেটের সাথে কাজ করতে আমি উন্মুখ।"

নিউ ইয়র্ক খাদ্য ব্যবস্থার স্থিতিস্থাপকতা ও ধারণক্ষমতা বৃদ্ধি এবং নিউ ইয়র্কে উৎপন্ন কৃষি পণ্যের বাড়তি চাহিদা তৈরির মাধ্যমে স্থানীয় অর্থনীতিকে বলীয়ান করার জন্য গভর্নরের 2023 স্টেট অফ দ্য স্টেট ভাষণ এবং নিউ ইয়র্ক স্টেট বাজেটে গৃহীত প্রতিশ্রুতির একটি অংশ হলো এই নির্বাহী আদেশ। এছাড়াও এটি নিউ ইয়র্কের কৃষক এবং উৎপাদনকারীদের সমর্থন করতে এবং ফার্ম-টু-স্কুল, 30 শতাংশ নিউ ইয়র্ক স্টেট উদ্যোগ, নারিশ নিউ ইয়র্ক, এবং নিউ ইয়র্ক স্টেট উৎপাদিত ও প্রত্যয়িত (New York State Grown & Certified) কর্মসূচিগুলির মাধ্যমে তাদের নতুন বাজারের সাথে সংযুক্ত করতে দিতে নিউ ইয়র্ক স্টেটের প্রয়াসের অনুবর্তী। পাশাপাশি, ফার্ম-টু-স্কুল উদ্যোগসমূহের সমর্থনে অর্থবছর 2024 স্টেট বাজেটে অন্তর্ভুক্ত গভর্নরের সাম্প্রতিক পদক্ষেপ স্কুলের জন্য স্থানীয় খাদ্য ও খাদ্য পণ্য ক্রয়ের ইচ্ছাধীন সীমাকে 20,000 মার্কিন ডলার থেকে 150,000 মার্কিন ডলারে বৃদ্ধি করেছে।

এইসব উদ্যোগের সম্পূরক হিসেবে, কর্নেল ইউনিভার্সিটির (Cornell University) চার্লস এইচ. ডাইসন ফলিত অর্থনীতি ও ব্যবস্থাপনা স্কুল (Charles H. Dyson School of Applied Economics and Management) বর্তমানে এমন ভ্যারিয়েবল নিয়ে গবেষণা করছে যা খাদ্যের বাস্তব খরচকে প্রভাবিত করে, যার লক্ষ্য হলো স্থানীয় খাদ্য সংগ্রহের প্রতিযোগিতা বৃদ্ধি করা। কর্মগোষ্ঠীটি এই গবেষণার পর্যালোচনা করবে এবং এটিকে আগামী দিনের সংগ্রহ বিকল্প সংক্রান্ত বিশ্লেষণ ও আলোচনায় অন্তর্ভুক্ত করবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418